

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৭৪

(كتاب الأدب عن رسول الله الله عن رسول الله عليه) 88/ किञातून व्यापन

পরিচ্ছেদঃ নরম পশমী চাদর ব্যবহারের অনুমতি।

بَابُ مَا جَاءَ فِي الرُّخْصَةِ فِي اتِّخَاذِ الأَنْمَاطِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " هَلْ لَكُمْ أَنْمَاطٌ ". قُلْتُ وَأَنَّى تَكُونُ لَنَا أَنْمَاطٌ قَالَ " أَمَا إِنَّهَا سَتَكُونُ لَكُمْ أَنْمَاطٌ ". قَالَ فَأَنَا أَقُولُ لِإِمْرَأَتِي أَخِرِي وَأَنَّى تَكُونُ لَنَا أَنْمَاطٌ قَالَ " أَمَا إِنَّهَا سَتَكُونُ لَكُمْ أَنْمَاطٌ ". قَالَ فَأَنَا أَقُولُ لِإِمْرَأَتِي أَخِرِي عَنِي أَنْمَاطُ ". قَالَ فَأَنَا أَقُولُ لِإِمْرَأَتِي أَخِرِي عَنِي أَنْمَاطُ " . قَالَ فَأَنَا أَتُولُ لَكُمْ أَنْمَاطٌ ". قَالَ فَأَنَا أَنُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنُ صَحِيحٌ .

#### বাংলা

২৭৭৪. মুহাম্মাদ ইবন বাশশার (রহঃ) ..... জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (বর্তমানে) তোমাদের আনমাত (নরম পশমী চাদর) আছে কি? আমি বললামঃ আমাদের আনমাত কেখেকে হবে? তিনি বললেনঃ শোন, অচিরেই তোমাদের তা হবে। জাবির রাদিয়াল্লাহু আনহু বলেনঃ আমি আমার স্ত্রীকে যখন বলি যে, তোমার আনমাতটি সরিয়ে নাও, তখন সে বলেঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি আমাদের সম্পর্কে বলে যান নি যে, অচিরেই তোমাদের আনমাত হবে? জাবির রাদিয়াল্লাহু আনহু বলেনঃ অনন্তর আমি তাকে (এ কথা বলা) ছেড়ে দিলাম। সহীহ, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৭৪ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন)এ হাদীসটি হাসান-সহীহ।

## **English**

## Narrated Jabir:

that the Messenger of Allah (ﷺ) said: "Do you have Anmat?" I said: "Where would we get Anmat from?" He said: "Soon you will have Anmat" He said: "I would say to my wife: 'Remove your Anmat from my sight.' But she would



say: 'Did not the Messenger of Allah (ﷺ) say: "Indeed you shall soon have Anmat?" He said: "So I left it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন